

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৭২

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ কিয়ামতের দিন; যেদিন মানুষ চিন্তিত ও ভীত থাকবে, সেদিন আল্লাহর জন্য পরস্পরকে ভালবাসা

পোষনকারীদের অবস্থার বিবরণ

ذَكَرُوا وَصَفِ الْمُتَحَابِّينَ فِي اللَّهِ فِي الْقِيَامَةِ عِنْدَ حُزْنِ النَّاسِ وَخَوْفِهِمْ فِي ذَلِكَ الْيَوْمِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيٍّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ صَالِحٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا
ابْنُ فَضَيْلٍ عَنْ عُمَارَةَ بْنِ الْقَعْقَاعِ عَنْ أَبِي زُرْعَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ مِنْ عِبَادِ اللَّهِ عِبَادًا لَيْسُوا بِأَنْبِيَاءَ يَغْبِطُهُمُ الْأَنْبِيَاءُ وَالشُّهَدَاءُ
قِيلَ: مَنْ هُمْ لَعَلَّنَا نُحِبُّهُمْ؟ قَالَ: هُمْ قَوْمٌ تَحَابُّوا بِنُورِ اللَّهِ مِنْ غَيْرِ أَرْحَامٍ وَلَا انْتِسَابٍ
وُجُوهُهُمْ نُورٌ عَلَى مَنَابِرٍ مِنْ نُورٍ لَا يَخَافُونَ إِذَا خَافَ النَّاسُ وَلَا يَحْزَنُونَ إِذَا حَزَنَ
النَّاسُ ثُمَّ قَرَأَ: {أَلَا إِنَّ أَوْلِيَاءَ اللَّهِ لَا خَوْفَ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ} [يونس: 62].

الراوي : أبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 572 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৭২. আবু হুরাইরা রাছিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “নিশ্চয়ই আল্লাহর বান্দাদের মধ্যে কিছু বান্দা আছেন, যারা নবী নন, কিন্তু নবী ও শহীদগণ তাঁদের ঈর্ষা করবেন।” তখন বলা হলো: “তারা কারা? (তাদের সম্পর্কে আমাদের বলুন) যাতে আমরা তাদের ভালবাসতে পারি।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “তাঁরা হলেন এমন লোক যারা আল্লাহর সন্তুষ্টির জন্য পরস্পরকে ভালবাসে, অথচ তাঁদের মাঝে রক্ত বা বংশীয় সম্পর্ক নেই। তাঁদের চেহারাগুলো হবে নূরের, তাঁরা নূরের মিস্বারের উপর থাকবেন। তাঁরা সেদিন ভীত হবেন না, যেদিন মানুষ ভীত হবে, তাঁরা সেদিন চিন্তিত হবেন না, যেদিন মানুষ চিন্তিত হবে।” রাবী বলেন, তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তিলাওয়াত করেন: “জেনে রাখো, নিশ্চয়ই আল্লাহর বন্ধুদের কোন ভয় নেই এবং তাঁরা চিন্তিতও হবে না।” (সূরা ইউনুস: ৬২।)[1]

ফুটনোট

[1] বাযযার: ৩৫৯৩; মাজমা'উয যাওয়াইদ: ১০/২৭৭; হাকিম: ৪/১৭০; মুসনাদ আহমাদ: ৫/৩৪৩।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ৪/৪৭।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89039>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন